তারিখ 27 MAY 2009
পৃষ্ঠা ১৬ কলাম ৫

ইনকিলাব

# এবার দেশের বাইরে ৭টি কেন্দ্রে মোট ২৫৪ পরীক্ষার্থী অংশ নেয়

স্টাফ রিপোর্টার : এবারের এসএসসি পরীক্ষায় দেশের বাইরে ৭টি কেন্দ্রে মোট ২৫৪ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে পাস করেছে ২৪৩ জন। পাসের হার ৯৫ দশমিক ৬৭ ভাগ। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৭৪ জন পরীক্ষার্থী। ৭টি কেন্দ্রের মধ্যে ৪টি কেন্দ্র শতভাগ পাসের সাফল্য দেখিয়েছে। সবচেয়ে ভাল ফল অর্জন করেছে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল, জেদ্দা। এখান পৃঃ ৫ কঃ ১

**এবার দেশের** ১৬-এর পৃষ্ঠার পর

থেকে ৮০ জন পরীক্ষার্থীর সকলেই পাস করেছে। তার মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৭ জন। তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে বাংলাদেশ এ্যাম্বাসি স্কুল, রিয়াদ। ৮০ জন পরীক্ষার্থীর মধ্যে ৭৬ জন পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ২৭ জন। তৃতীয় স্থানে রয়েছে বাংলাদেশ কমিউনিটি স্কুল, ত্রিপলী। ১০ জন পরীক্ষার্থীর সকলেই পাস করেছে। তবে এখান থেকে কেউ জিপিএ-৫ পায়নি। তালিকায় এর পর রয়েছে যথাক্রমে বাংলাদেশ মাশহুর-হক মেমোরিয়াল হাই স্কুল, দোহা-কাতার। ৩৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩৪ জন, জিপিএ-৫ পেয়েছে ১২ জন। শেখ খলিফা বিন জায়েদ বাংলাদেশ ইসলামিয়া স্কুল, আবুধাবি। ২৬ জন পরীক্ষার্থীর সকলেই পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ৬ জন। বাংলাদেশ ইসলামিয়া স্কুল, আবুধাবি থেকে পরীক্ষা দিয়েছে ১৪ জন, পাস করেছে ১০ জন এবং জিপিএ-৫ পেয়েছে ১ জন পরীক্ষার্থী। তালিকায় সর্বশেষে রয়েছে বাংলাদেশ স্কুল, বাহরাইন। এখান থেকে ৭ জন পরীক্ষার্থীর সকলেই পাস করেছে এবং একজন পরীক্ষার্থী জিপিএ-৫ পাওয়ার গৌরব অর্জন করেছে।